দৈনিক খবর

তারিখ ... 10 OCT 1988. ...
পৃষ্ঠা... 2... কলাম... 8. ...

...OC 053

(48)

## ব্রুনাই বাংলাদেশ থেকে শিক্ষক নেবে

বাসস জানায়, ব্রুনাই দারুস সালাম সরকারের শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ থেকে বিজ্ঞান ও অংকের শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। ব্রুনাই'র শিক্ষা মন্ত্রণালয়ের স্কুল বিষয়ক পরিচালক আলী হাসেম দাউদ অস্থায়ী হাই কমিশনার আনোয়ার-উল আলমের কাছে এক পত্রে বিষয়টি নিশ্চিত করেন। ঢাকায় পরিবেশিত এক খবরে এ কথা বলা হয়।

এর আগে ব্রুনাই'র শিক্ষামন্ত্রী এবং বাংলাদেশ ওভারসিস এমপ্লয়মেন্ট এণ্ড সার্ভিসেস লিঃ (বিওইএসএল) এ বিষয়ে সহযোগিতার ব্যাপারে সম্মত হয়েছে। একইভাবে ব্রুনাই'র শিক্ষা মন্ত্রণালয়ও নিয়োগের ক্ষেত্রে 'বিওইএসএল'-এর সার্ভিস ভোগ করবে।

ব্রুনাইয়ে শিক্ষক হিসেবে চাকরির জন্য 'বিওইএসএল'-এর বিজ্ঞাপনের প্রতি সাড়া দিয়ে যে সকল প্রার্থীরা তালিকাভুক্ত হবেন তাদের সাক্ষাৎকার নেয়ার জন্য শিগগিরই ব্রুনাই'র একটি নিয়োগকারী দল বাংলাদেশ সফরে আসছেন।

ব্রুনাই সরকার প্রথমবারের মত এবারেই বাংলাদেশ থেকে সরাসরি শিক্ষক নিয়োগ করছেন। উল্লেখ্য যে, ইতিমধ্যে বাংলাদেশ থেকে ১ হাজার ২শ' শ্রমিক এবং প্রকৌশলী, ডাক্তার ও শিক্ষকসহ ৫০ জন পেশাজীবী ব্রুনাইয়ে কর্মরত রয়েছে।